

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর www.jessoreboard.gov.bd

----

নম্ব: ৩৭.১১.৪০৪১.০০০.৪৪১.০০.০০০১.২৪.১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ ০২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

#### বিজ্ঞপ্তি/নোটিশ

# বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তির সময় বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্রের (TC) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের (BTC) অনুমতির জন্য আবেদনের সময় বৃদ্ধি করে ০৪-০৩-২০২৫ খ্রি. তারিখ থেকে ২৯-০৫-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। এই সময়ের মধ্যে শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে কলেজ কর্তৃক অনলাইন ইনস্টিটিউট প্যানেলে আবেদন দাখিল করা যাবে। অনলাইন আবেদন দাখিলের পর অটো-জেনারেটেড সোনালী সেবার রসিদের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় আবেদন ফি প্রদান করা যাবে।

### বি.দ্র. :

- শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে বর্তমান কলেজের ইনস্টিটিউট প্যানেল থেকে আবেদন দাখিল করতে হবে এবং ভর্তিচ্ছু কলেজ আবেদন 'একসেপ্ট' করবে। আবেদন অনুমোদিত হলে ইনস্টিটিউট প্যানেলে অনুমতিপত্র পাওয়া যাবে;
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে;
- আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে। আবেদন ফরমে বিস্তারিত নির্দেশাবলি দেয়া
  আছে।

০২-০৩-২০২৫ এস. এম. তৌহিদুজ্জামান কলেজ পরিদর্শক ০২৪৭৭৭৬২৬৯৮

ic@jessoreboard.gov.bd

## বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- 🕽। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।
- ২। সেকশন অফিসার(চলতি দায়িতু),কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

